

মোখার কারণে স্থগিত নোবিপ্রবির ক্লাস-পরীক্ষা

নোবিপ্রবি প্রতিনিধি



ঘূর্ণিঝড় মোখার কারণে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সব ধরনের ক্লাস-পরীক্ষা স্থগিত করেছে প্রশাসন।

শনিবার (১৩ মে) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়টির উপ-উপাচার্য ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. আব্দুল বাকি বিষয়টি নিশ্চিত করেছেন।

উপ-উপাচার্য বলেন, 'আগামীকাল রবিবার আমাদের সব ধরনের ক্লাস-পরীক্ষা স্থগিত রাখার সিদ্ধান্ত হয়েছে। ঘূর্ণিঝড়ের কারণে সার্বিক পরিস্থিতি বিবেচনায় রেখে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।'

বাংলাদেশের দক্ষিণ উপকূলে এগিয়ে আসছে অতিপ্রবল ঘূর্ণিঝড় মোখা।